

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫১(আগরতলা ১১০৫)

আগরতলা, ১১ মে, ২০২৪

আর্থিক প্রতারণা নিয়ে অগ্নি নির্বাপক দপ্তরে আলোচনাসভা

ক্রমবর্দ্ধমান আর্থিক প্রতারণার ঘটনার পরিপ্রেক্ষিতে অগ্নি নির্বাপক ও আপতকালীন পরিষেবা দপ্তর এবং আগরতলাস্থিত ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের (আরবিআই) আঞ্চলিক অফিসের যৌথ উদ্যোগে গতকাল অগ্নি নির্বাপক ও আপতকালীন পরিষেবা অধিকারের কনফারেন্স হলে এক আলোচনা সভার আয়োজন করা হয়। ‘ফাইনান্সিয়াল ফ্রড মডাস অ্যাপারেন্টি এন্ড প্রিকশনস’ শীর্ষক আলোচনা সভায় সভাপতিত্ব করেন অগ্নি নির্বাপক ও আপতকালীন পরিষেবা দপ্তরের অধিকর্তা সুভাষিষ দাস। তাছাড়াও মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আরবিআই রিজিওন্যাল অফিসের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার আলোকচন্দ্র পানিগ্রহী।

আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে আরবিআই রিজিওন্যাল অফিসের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার আলোকচন্দ্র পানিগ্রহী আইডেন্টিটি থেফট, ফিসিং, এটিএম কার্ড ফ্রিমিৎ, কিউআর কোড সম্পর্কিত প্রতারণা, নকল বিনিয়োগের প্রকল্প, র্যানসম ওয়্যার, সোশ্যাল ইঞ্জিনীয়ারিং, অনলাইন শপিং, অ্যাকাউন্ট টেকওভার, বিজনেস ই-মেইল কম্প্রামাইজ, সন্দেহজনক লিংক-এ ক্লিক করা ইত্যাদি বিভিন্ন ধরণের আর্থিক প্রতারণার উপর আলোকপাত করেন। আলোচনা সভায় অগ্নি নির্বাপক দপ্তরের অধিকর্তা সুভাষিষ দাস ক্রমবর্দ্ধমান আর্থিক প্রতারণা সম্পর্কে সচেতন ও সতর্ক থাকার উপর গুরুত্ব আরোপ করেন। অগ্নি নির্বাপক দপ্তরের অন্যান্য অধিকারিক এবং কর্মীগণ এই আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। অগ্নি নির্বাপক ও আপতকালীন পরিষেবা দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এ সংবাদ জানানো হয়েছে।
